

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৫  
www.lawjusticediv.gov.bd


নম্বর : ১০.০০.০০০০.১২৯.১৮.০২০.২২.১৪৬৩

তারিখ : ০৭ পৌষ ১৪৩১  
২২ ডিসেম্বর ২০২৪

বিষয় : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের ভূমি মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উপদেষ্টা এ.এফ. হাসান আরিফ-এর ইন্তেকালে আগামী ২৩ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ সোমবার বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে ০১ (এক) দিনের শোক পালন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২২ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৪২৩.২২.০০২.২০.৮৮ নম্বর প্রজ্ঞাপনমূলে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের ভূমি মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের উপদেষ্টা এ.এফ. হাসান আরিফ-এর ইন্তেকালে আগামী ২৩ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ সোমবার বাংলাদেশে রাষ্ট্রীয়ভাবে ০১ (এক) দিনের শোক পালন করা হবে।

০২। এ উপলক্ষে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের আওতাধীন সারাদেশের অধস্তন আদালত ভবনসমূহ, আওতাধীন অধিদপ্তর ও প্রতিষ্ঠানসমূহের ভবনে আগামী ২৩ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখ সোমবার জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে বিশেষভাবে অনুরোধ করা হলো।



২২/১২/২৪

(কামরুল হাসান)  
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)  
ফোন: ০২-২২৩৩৫৭৪২০  
section5@lawjusticediv.gov.bd

কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ.....(সকল)।
৩. মহানগর দায়রা জজ.....(সকল)।
৪. মহাপ্রশাসক, সরকারি অছি এবং সরকারি রিসিভার, ঢাকা।
৫. মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ঢাকা (অধীনস্থ দপ্তরসমূহে অবগত করানোর অনুরোধসহ)
৬. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ঢাকা।
৭. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ঢাকা।
৮. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
৯. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
১০. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট.....(সকল)।
১১. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট .....(সকল)।

জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৪. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি।